



১৮ এপ্রিল, ২০২৪

বাজুস/সাধারণ বিজ্ঞপ্তি/০২৮/৫১৩(১)/২০২৪

নোটিশ

সম্মানিত জুয়েলার্সবন্দ,

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, আন্তর্জাতিক বাজারে প্রতিনিয়ত সোনার মূল্য বৃদ্ধি পাওয়ায় বৈশ্বিকভাবে সোনার বাজারে অস্থিরতা তৈরী হয়েছে। এমন পরিস্থিতিতে বাজুস সোনার মূল্য নির্ধারণসহ এসংক্রান্ত নিয়ম নীতি পরিবর্তন করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। পরিবর্তিত নিয়ম-নীতি নিম্নরূপ:

- স্থানীয় বাজারে তেজাবী (পিওর গোল্ড) সোনার যে মূল্য পাওয়া যাবে সেটা ২১ ক্যারেট সোনার মূল্য এবং মান অনুযায়ী ২২, ১৮ ক্যারেট ও সনাতন সোনার মূল্য নির্ধারণ করা হবে।
- নিজ নিজ প্রতিষ্ঠানের সোনার অলংকার পরিবর্তনের ক্ষেত্রে ৯ শতাংশ ও ক্রেতার নিকট থেকে ক্রয়ের ক্ষেত্রে ১৩ শতাংশ বাদ দিতে হবে।
- সনাতন সোনার অলংকার ক্রেতার নিকট থেকে ক্রয়ের সময় সনাতন সোনার নির্ধারিত মূল্য থেকে কোন বাদ যাবে না।

এ বিষয়ে আপনাদের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

বাদল চন্দ্র রায়
সাধারণ সম্পাদক

বি: দ্র: সরকারি নিয়মানুযায়ী ক্রেতা সাধারণের নিকট থেকে EFD মেশিনের মাধ্যমে ভ্যাট সংগ্রহ করে চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দেয়ার অনুরোধ করছি।